



খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০২১.১৯. ২৭০৬

তারিখঃ- ২৬/পৌষ/১৪২৫ বঙ্গাব্দঃ
০৯/জানুয়ারি/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ- পোল পরিবহন (লোডিং-আনলোডিংসহ) কাজের জন্য রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহ্বান প্রসঙ্গে।

নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও বিবরণ অনুযায়ী “পোল পরিবহন (লোডিং-আনলোডিংসহ) কাজের” জন্য খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাপবিবোর্ডের তালিকাভুক্ত পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	বিবরণ/ স্পেসিফিকেশন	পোলের পরিমাণ	উদ্ধৃত মূল্য	
			(পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক পূরণকৃত)	
			একক মূল্য	মোট মূল্য
৩৫/২০১৮- ২০১৯	বাগেরহাট পবিস এর সদর দপ্তর হতে খুলনা পবিসের সদর দপ্তরে পোল পরিবহন (লোডিং- আনলোডিংসহ) সাইজঃ আর- ৪৫/৪৬ (৪০'-৪/৫)।	২৫০টি		
	সর্বমোট =	২৫০টি		


কথায়ঃ-

- ০১। রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ১৫/০১/২০১৯ তারিখ, দুপুর ১২:০০ ঘটিকা।
- ০২। (RFQ) জমা দেয়ার স্থান : পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।
- ০৩। (RFQ) খোলার তারিখ, সময় ও স্থান : ১৫/০১/২০১৯ তারিখ, দুপুর ১২:৩০ ঘটিকা, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

শর্তাবলীঃ-

- ০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগত ভাবে/ ডাকযোগে/কুরিয়ার যোগে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী দরপত্র দাখিলকৃত স্থানে দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে, খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ব্যাংক সলভেন্সী সনদ, ভ্যাট নিবন্ধন নম্বর, বাপবিবোর্ডের তালিকাভুক্তির সনদপত্র ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩। খামের উপর “পোল পরিবহন (লোডিং-আনলোডিংসহ)” কথাটি স্পষ্টাকারে লিখতে হবে এবং ১৫/০১/২০১৯ ইং তারিখ ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবেনা মর্মে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। দরপত্রে উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাকারে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি /ওভার রাইটিং/ ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না। দরপত্র সঠিক ভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ০৫। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রে একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।
- ০৬। যথাসময়ে বর্ণিত পোল পরিবহন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য পরিবহনের চুক্তি মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে কর্ত করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তব্যযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% এর অধিক হবে না।
- ০৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক ০৭(সাত) দিনের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অবশ্যই পোল পরিবহন করতে হবে।

- ০৮॥ বর্ণিত পোল সন্তোষজনকভাবে গন্তব্যস্থলে পৌঁছানো ও উভয় সমিতির ষ্টোর হতে ইস্যু ও রিসিভ ভাউচার এবং চালান দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৯॥ বিল পরিশোধের সময় সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/আয়কর কর্তন করা হবে।
- ১০॥ পরিবহনের সময় ব্যবহার অনুপযোগী ব্রীজ/কালভার্ট পরিহার করে মালামাল পরিবহনের ব্যবস্থা নিতে হবে।
- ১১॥ পরিবহনের পূর্বে ভাল অবস্থায় পোল বুকে নিতে হবে এবং ভাল অবস্থায় সমিতিতে বুঝিয়ে দিতে হবে।
- ১২॥ পরিবহনের সময় কোন মালামাল বা মালামালের অংশবিশেষ নষ্ট বা ক্ষতিগ্রস্ত হলে বাপবিবোর্ডের নিয়ম অনুযায়ী তার মূল্য অথবা প্রতিস্থাপন খরচ দিতে হবে।
- ১৩॥ পরিবহনের সময় কোন দুর্ঘটনা ঘটলে এবং এতে মালামাল বিনষ্ট হলে (যা মেরামতযোগ্য নয়) বাপবিবোর্ডের নিয়ম অনুযায়ী তার মূল্য পরিশোধ করতে হবে।
- ১৪॥ দরপত্রে উল্লেখ নাই এমন কোন বিষয়ে সমস্যা উদ্ভব হলে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৫॥ কোন প্রকার কারন দর্শনো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(শহীদুজ্জামান)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ০২॥ জেলা প্রশাসক, খুলনা।
- ০৩॥ পুলিশ সুপার, খুলনা।
- ০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারপবিস-১/২/৩/৪ (নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ০৫॥ নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, খুলনা।
- ০৬॥ ডিজিএম- (সদর-কারিগরি)/পাইকগাছা/সেনেরবাজার/ডুমুরিয়া জোনাল অফিস, খুলনা পবিস।
- ০৭॥ এজিএম (অর্থ), খুলনা পবিস।
- ০৮॥ জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), খুলনা পবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
- ০৯॥ মেসার্স.....।
- ১০॥ নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
- ১১॥ অফিস/মাষ্টার কপি।



সিনিয়র জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।

